গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ
ব্যয় ব্যবস্থাপনা-৩ শাখা
www.mof.gov.bd

স্মারক নং: ০৭.০০.০০০০.০০০.১৫৩.৯৯.০০০১.১৯-৮৫৬

তারিখ: ০৫ অগ্রহায়ণ ১৪৩২ / ২০ নভেম্বর ২০২৫

**বিষয়: আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবাগ্রহণ নীতিমালা, ২০২৫ বাস্তবায়ন সংক্রান্ত নির্দেশনা।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে গত ২৩/১০/২০২৫ তারিখে আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবাগ্রহণ নীতিমালা-২০২৫, এর বিষয়ে অংশীজনদের সাথে অনুষ্ঠিত মতবিনিময় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের নিমিত্তে নিম্নলিখিত কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

(ক) আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবাগ্রহণ নীতিমালা, ২০২৫ এর বাস্তবায়নের ক্ষেত্রে উত্থাপিত অভিযোগসমূহের বিষয়ে যাচাই-বাছাইপূর্বক পরবর্তী কর্মপন্থা নিরূপণের লক্ষ্যে সুপারিশ প্রদানের নিমিত্ত শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের মহাপরিদর্শককে সভাপতি করে অর্থ বিভাগ এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিনিধিদের সমন্বয়ে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট কমিটি দ্রুত গঠনপূর্বক কার্যক্রম গ্রহণ করার জন্য শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়কে অনুরোধ করা হল;

(খ) সকল মন্ত্রণালয়/বিভাগকে নিম্নরূপ পরামর্শ প্রদান করা হলো:

(i) শৃঙ্খলাজনিত কারণে কোন সেবাকর্মীর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট সেবা ক্রয়কারী দপ্তরের নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়/বিভাগের আউটসোর্সিং সেবা পরিবীক্ষণ কমিটি (তপসিল 'ক') এর মতামত গ্রহণ করতে হবে;

(ii) কোন প্রতিষ্ঠান কর্তৃক আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা ক্রয়ের ক্ষেত্রে সেবাকর্মী সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে নতুন চুক্তি/চুক্তি নবায়নের সময় কর্মরত সেবা কর্মীদের যৌক্তিক কারণ ব্যতীত বাদ দেয়া যাবে না। তবে যৌক্তিক কারণে বাদ দেয়ার প্রয়োজন হলে আউটসোর্সিং সেবা পরিবীক্ষণ কমিটির (তপসিল-'ক' অনুযায়ী) মতামত গ্রহণ করতে হবে।

(মোহাম্মদ ইস্‌মত উল্লাহ)
উপসচিব
ফোন: ২২৩৩৫৪০০৬

প্রাপক,
সিনিয়র সচিব/সচিব, ....................................... মন্ত্রণালয়/বিভাগ।

অনুলিপি (সদয় অবগতি ও কার্যার্থে)
(১) উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব (উপদেষ্টা মহোদয়কে অবহিত করার জন্য)।
(২) সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়কে অবহিত করার জন্য)।